

কপ-২৯ সম্মেলনে গর্বিত অংশগ্রহণকারী শক্তি ফাউন্ডেশন



আজারবাইজানের বাকুতে আয়োজিত কপ-২৯ সম্মেলনে সফলভাবে অংশগ্রহণ করেছে শক্তি ফাউন্ডেশন। ১৯ নভেম্বর সম্মেলনের বাংলাদেশ প্যাভিলিয়নে 'পাথওয়েজ টু ট্রিপলিং রিনিউয়েবল এনার্জি ইন সাউথ এশিয়া' শীর্ষক আলোচনা অনুষ্ঠানে উপ-নির্বাহী পরিচালক ইমরান আহমেদ বায়ুদূষণ ও জলবায়ু পরিবর্তন মোকাবিলায় শক্তি ফাউন্ডেশনের বিভিন্ন উদ্যোগ তুলে ধরেন। সেইসাথে তিনি আগামী প্রজন্মের জন্য টেকসই ভবিষ্যত নির্মাণে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। আলোচনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অন্তর্বর্তীকালীন সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মাননীয় উপদেষ্টা, সৈয়দা রিজওয়ানা হাসান।

স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসনের জন্য সাফা অ্যাওয়ার্ড অর্জন



স্বচ্ছতা, জবাবদিহিতা, ও সুশাসনের ভিত্তিতে বার্ষিক প্রতিবেদনের জন্য সাউথ এশিয়ান ফেডারেশন অব অ্যাকাউন্ট্যান্টস (সাফা) কর্তৃক 'সার্টিফিকেট অব মেরিট' অর্জন করলো শক্তি ফাউন্ডেশন। ১১ নভেম্বর শ্রীলঙ্কায় এক অনুষ্ঠানে এ পুরস্কার বিতরণ করা হয়। সার্কভুক্ত ৮টি দেশ থেকে বিভিন্ন প্রতিষ্ঠানের পাঠানো বার্ষিক প্রতিবেদন যাচাই-বাছাই ও মূল্যায়নের পর এনজিও ক্যাটাগরিতে শক্তি ফাউন্ডেশনকে পুরস্কারটি দেওয়া হয়।

সাভার স্টার্টে স্মরণীয় একটি দিন



মনোমুগ্ধকর পরিবেশে প্রানবন্ত ও উদ্যমী অংশগ্রহণকারীদের নিয়ে একটি অসাধারণ দিন। ৭ নভেম্বর সাভারের স্টার্টে অনুষ্ঠিত এএস কর্মশালাটি ছিল অনুপ্রেরণা ও সহযোগিতায় ভরপুর এক স্মরণীয় অভিজ্ঞতা। মাঠ পর্যায়ের কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে কার্যকর পরিকল্পনা, সুপারভিশন এবং ফলোআপের মাধ্যমে মাসের প্রতিটি কর্মদিবসের ফলপ্রসূ ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। এর পাশাপাশি এদিন এরিয়া সুপারভাইজাররা মজাদার ধাঁধার খেলায় অংশ নেন ও আকর্ষণীয় পুরস্কার জেতেন। সংস্থার উপ-নির্বাহী পরিচালক ইমরান আহমেদ কর্মীদের হাতে পুরস্কার তুলে দেন ও তাদের উদ্দেশে সংস্থাকে এগিয়ে নেয়ার জন্য অনুপ্রেরণাদায়ক বক্তব্য দেন।

সবার জন্য সুপেয় পানি নিশ্চিত শক্তির উদ্যোগ



উপকূলীয় অঞ্চল চট্টগ্রামে সবার জন্য নিরাপদ ও সুপেয় পানির সরবরাহ নিশ্চিত করতে শক্তি ফাউন্ডেশন স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার সহযোগিতায় চট্টগ্রাম শহর ও আশপাশের এলাকাগুলোর বিভিন্ন পাবলিক স্পেসে ৫০টি ওয়াটার ফিলটার স্থাপন করেছে। এর মধ্যে রয়েছে ৩৭টি ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠান, ১০টি অফিস, ২টি হাসপাতাল এবং ১টি মার্কেট। স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার সাথে যৌথ অর্থায়নে এ উদ্যোগটি বাস্তবায়নের দায়িত্বে ছিল শক্তি ফাউন্ডেশন। এর মাধ্যমে ওই এলাকার অনেকেই উপকৃত হচ্ছেন।

দুর্গম পাহাড়ে বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে শক্তি ফাউন্ডেশন



এ বছরের বিধ্বংসী বন্যায় ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে খাগড়াছড়ির মাটিরাঙ্গা উপজেলা। সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন ও ভবিষ্যৎ ক্ষয়ক্ষতি এড়াতে বিভিন্ন উদ্যোগ নিয়েছে শক্তি ফাউন্ডেশন। আর এ কাজে সহায়তা করেছেন একদল তরুণ ও প্রতিশ্রুতিশীল আর্কিটেক্ট। স্থানীয়দের সাথে নিয়ে ১১টি পরিবারের বাড়িঘর পুনর্নির্মাণে সহায়তা করেছে। ভূমিধ্বস ও নদীভাঙ্গন রোধে নদীর পার্শ্ববর্তী এলাকায় গাছ রোপণ করা হয়েছে, যা ভবিষ্যৎ ঝুঁকি হ্রাসে সহায়ক হবে। শক্তি ফাউন্ডেশনের এই প্রচেষ্টা শুধু পুনর্বাসনই নয়, বরং টেকসই উন্নয়ন ও ভবিষ্যতের জন্য স্থায়ী ভিত্তি তৈরির করার ক্ষেত্রে ভূমিকা রাখবে।

একনজরে শক্তি (নভেম্বর ৩০, ২০২৪)

বিভাগ

জোন
8

জেলা

এরিয়া
১১৪রিজিয়ন
২৭শাখা
৫৬৪

সদস্য সংখ্যা

৪৬৯,৬৮৭ জন

ঋণী সংখ্যা

৩৬৮,৩৪৯ জন



সঞ্চয় স্থিতি

১১২৯.৪৫ কোটি টাকা



ঋণস্থিতি

২,৭৭৮.১৯
কোটি টাকা

কর্মী সংখ্যা

৫২০০ জন



প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬



+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

www shakti.org.bd

f /SFDWbd

in /company/sfdwbd